মেহেরপুর পৌরসভা কার্যালয়

তৃতীয় নগর পরিচালন ও অবকাঠামো উন্নতিকরণ (সেক্টর) প্রকল্প (UGIIP-III)

নগর সমন্বয় কমিটির (TLCC)'র সভার কার্য বিবরনী

সভার স্থান ঃ পৌরসভা কাঁলাচাদ সভাকক্ষ।	সভার তারিখ ঃ ২৪/১২/২০১৮ খ্রিঃ	সময় ঃ বেলা- ১২.০০ ঘটিকা।	সভাপতি ঃ **জনাব মোঃ মাহফুজুর রহমান রিটন** মেয়র, মেহেরপুর পৌরসভা।

সভার উপস্থিতি ঃ পরিশিষ্ট - 'ক' দ্রষ্টব্য

আলোচ্যসূচী - ১ ঃ বিগত সভার কার্য্য বিবরণী পাঠ ও অনুমোদন

বিগত সভার কার্যবিবরণী পাঠ	কার্যবিবরণী সঠিকভাবে লিখিত হওয়ার বিষয়ে আলোচনা	প্রয়োজনীয় সংশোধন (যদি থাকে)	সিদ্ধান্ত
১। কার্যবিবরণী পাঠ করেন জনাব, মোঃ তফিকুল আলম, সচিব, মেহেরপুর পৌরসভা	কার্যবিবরণী সঠিকভাবে লিখিত হয় ও সদস্যদের মধ্যে বিতরণ করা হয়।	কোন সংশোধনীর প্রয়োজন নাই	সর্বসম্মতিক্রমে বিগত সভার কার্যবিবরনী অনুমোদিত হয়।

আলোচ্যসূচী - ২ ঃ UGIIP-III এর আওতায় UGIAP বাস্তবায়নের অগ্রগতি পর্যালোচনা ও সিদ্ধান্ত গ্রহন।

ক্ষেত্র - ১। নাগরিক সচেতনতা ও তাদের অংশগ্রহণ (Citizen Awareness and Participation)

ক্রঃ নং	আলোচ্য বিষয়	আলোচনা	গৃহীত সিদ্ধান্ত	সিদ্ধান্ত বাস্তবায়নের জন্য দায়িত্বপ্রাপ্ত ব্যাক্তি	মন্তব্য
১.	ক) TLCC কার্যকর রাখার বিষয়ে আলোচনা।	গত ২৪ সেপ্টেম্বর/২০১৮ খ্রীঃ তারিখ ত্রৈমাসিক ভিত্তিতে TLCC সভা অনুষ্ঠিত হয়েছিল । চলতি সভায় পূর্ববর্তী সভায় সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা করা হয়। গত সভার কার্যবলী পর্যালোচনা করে গত ৩ মাসের কার্যাবলী বিষয়ে সকলে সন্তোষ্টি প্রকাশ করেন। পৌরসভা আইন, ২০০৯ এর ১১৫ ধারা অনুযায়ী মেহেরপুর পৌরসভায় ত্রৈমাসিক ভিত্তিতে TLCC সভা করা চলমান রয়েছে। TLCC এর সদস্য সচিব ও অত্র পৌরসভার সচিব জনাব মোঃ তফিকুল আলম সভায় জানান যে সভায় ৫০ সদস্যের মধ্যে ৪৩ জন সদস্য উপস্থিত আছেন। ৪৩ জনের মধ্যে নারী সদস্য উপস্থিত আছেন ১৪	আগামী ৩০ মার্চ/২০১৯ এর মধ্যে ত্রৈমাসিক ভিত্তিতে TLCC সভার আয়োজন করা হবে । - TLCC এর সম্মানিত সদস্যদের নিয়মিত সভায় উপস্থিত হওয়ার জন্য মেয়র মহোদয় সকলকে অনুরোধ জানান। -TLCC এর সম্মানিত সদস্যবৃন্দদের নিয়মিত উপস্থিত থাকার জন্য সভায় উপস্থিত সকল সদস্যকে অনুরোধ জানান। -পূর্ববর্তী সভায় সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা করা হবে। -সভার কার্যবিবরনী তৈরী ও বিতরণ এবং PMO তে প্রেরন করা হবে ।	মেয়র ও সচিব	

ক্রঃ নং	আলোচ্য বিষয়	আলোচনা	গৃহীত সিদ্ধান্ত	সিদ্ধান্ত বাস্তবায়নের জন্য দায়িত্বপ্রাপ্ত ব্যাক্তি	মন্তব্য
		জন ও সরকারী প্রতিনিধি ০৭ জন। মেয়র জনাব মোঃ মাহফুজুর রহমান রিটন বলেন সকল সদস্যগণকে উপস্থিত থেকে তাকে সার্বিক ভাবে সহযোগিতা করা জন্য অনুরোধ জানান। সে প্রেক্ষিতে তিনি সকল সদস্যগণকে পরবর্তী TLCC সভায় উপস্থিত হওয়ার জন্য অনুরোধ জনান।			
২.	খ) WC কার্যকর রাখার বিষয়ে আলোচনা।	- অদ্যকার সভায় জনাব মোঃ তফিকুল আলম, সচিব, মেহেরপুর পৌরসভা বলেন যে, পৌরসভা আইন ২০০৯ এর ১৪ ধারা অনুযায়ী অত্র পৌরসভায় ত্রৈমাসিক ভিত্তিতে WC সভা করার কাজ চলমান রাখা হয়েছে। অক্টোবর-ডিসেম্বর/২০১৮ইং এর ত্রৈমাসিকের WC সভা সম্পন্ন করা হয়েছে এবং কার্যবিবরনী তৈরী করা হয়েছে। WC সভা থেকে আগত বিভিন্ন গুরুত্বপূর্ণ সমস্যগুলো সমাধানের জন্য TLCC এর সদস্য দের মধ্যে আলোচনা করা হয়। তিনি আরও বলেন চলতি কোয়াটারের সভার কার্যবিবরনী ওয়ার্ড কমিটির সদস্য সচিববৃন্দ প্রস্তুত করেছেন এই এই কার্যবিবরনী আগামী ০৭/০১/১৯ইং তারিখের মধ্যে PMO তে প্রেরন করা হবে।	আগামী ৩০মার্চ/২০১৯খ্রিঃ এর মধ্যে ত্রৈমাসিক ভিত্তিতে WC সভার আয়োজন করা হবে । -পরবর্তী সভায় সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা করা হবে । সভার কার্যবিবরনী তৈরী ও বিতরণ এবং PMO তে প্রেরন করা হবে । বিভিন্ন ওয়র্ডের WC এর সভা থেকে চিহ্নিত সমস্যা সমাধানের জন্য পৌর পরিষদের সভায় আলোচনা করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। -পরবর্তী কোয়াটারে WC এর সকল সদস্যদের উপস্থিতি নিশ্চিত করা এবং প্রতিটি ওয়ার্ডের নির্দিষ্ট স্থানে মিটিং এর স্থান নির্ধারন করে WC এর সভা ৩০/০৩/২০১৯ইং তারিখের মধ্যে সম্পন্ন করার জন্য মেয়র মহোদয় সন্মানীত কাউন্সিলর বৃন্দকে অনুরোধ করা হয়।	সভাপতি/সদস্য সচিব WC	
৩.	গ) নাগরিক সনদ (CC) তৈরী / প্রয়োজনীয় সংশোধন ও পরিবর্তন করা।	-মেহেরপুর পৌরসভায় ও পৌরসভার দুটি স্থানে নাগরিক সনদ প্রদর্শিত আছে। নির্দেশনা অনুযায়ী উহা সংশোধন ও সংযোজন করা হয়েছে। সিটিজেন চার্টার বুকলেট আকারে প্রকাশ করা হয়েছে	সভায় TLCC সদস্য হামিদ খাতুন বলেন সকলের মতামতের প্রেক্ষিতে পর্যায়ক্রমে পৌরসভার সকল ওয়ার্ডে সিটিজেন চার্টার স্থাপন করা হবে মর্মে সিদ্ধান্ত গৃহিত হয়।	মেয়র ও সচিব	

ক্রঃ নং	আলোচ্য বিষয়	আলোচনা	গৃহীত সিদ্ধান্ত	সিদ্ধান্ত বাস্তবায়নের জন্য দায়িত্বপ্রাপ্ত ব্যাক্তি	মন্তব্য
		এবং উহা PMO, মন্ত্রণালয়, সকল পৌরসভা, স্থানীয় গুরুত্বপূর্ণ সকল অফিস এবং বিশিষ্ট্য ব্যাক্তি বর্গকে প্রদান করা হয়েছে। সিটিজেন চার্টার স্থানীয় পত্রিকায় প্রকাশ করা হযেছে।			
৪.	ঘ) তথ্য ও অভিযোগ প্রতিকার সেল কার্যকর রাখা বিষয়ে আলোচনা।	অদ্যবধি পর্যন্ত ৯টি ওয়ার্ড থেকে মোট ২১টি লিখিত ও মৌখিক অভিযোগ পাওয়া গিয়েছে। প্রাপ্ত অভিযোগের মধ্যে সবগুলো অভিযোগই নিস্পত্তি হয়েছে। TLCC এর সদস্য ও কাউন্সিলর, জনাব মোঃ শওকত আলী বলেন, অভিযোগ বক্সটি বর্তমানে নিয়মিতভাবে খোলা হচ্ছে এবং এই কার্যক্রম সচল রাখার ব্যাপারে দৃষ্টি দেওয়ার জন্য মেয়র মহোদয়কে অনুরোধ জানান। মেয়র মহোদয় জানান যে, পূর্বের অভিডোগ বক্সটি নিয়মিত খোলা ও তার কক্ষের সামনে একটি নতুন অভিযোগ বক্স স্থাপন করা হয়েছে এই অভিযোগ বক্সটি নিয়মিত খোলার ও প্রাপ্ত অভিযোগ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করতে সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করেন। চলতি কোয়াটারে প্রাপ্ত অভিযোগ সমুহ কমিটির মাধ্যমে নিস্পত্তি করা হয়েছে এবং কার্যক্রম চলমান আছে। সকল অভিযোগ নিস্পত্তির সময় উভয় পক্ষকে উপস্থিত রাখা এবং সিদ্ধান্ত লিখিত ভাবে উভয় পক্ষকে অবহিত করা হয়েছে। প্রাপ্ত অভিযোগ/সমাধানকৃত অভিযোগসমুহের বিবরণ TLCC এর সভায় আলোচনা করা হলো।	বর্তমান তথ্য ও অভিযোগ সেলের প্রথম সভার সিদ্ধান্ত মোতাবেক প্রতি সপ্তাহের বৃহস্পতিবার Grievance Redress Cell (GRC) এর সভাপতি ও একজন TLCC এর সদস্যের উপস্থিতিতে অভিযোগ বক্সটি নিয়মিতভাবে খোলা হচ্ছে। সভায় উপস্থিত সকল সদস্য মতামত দেন যে, প্রতি সপ্তাহে প্রাপ্ত সকল অভিযোগ নথিভূক্ত করতে হবে এবং সকল অভিযোগ নিস্পত্তি করার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহনের জন্য মেয়র মহোদয়কে অনুরোধ করেন।	গণযোগাযোগ সেলের সভাপতি ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা	

ক্ষেত্র - ২ । নগর পরিকল্পনা (Urban Planning)

ক্রঃ নং	আলোচ্য বিষয়	আলোচনা	গৃহীত সিদ্ধান্ত	সিদ্ধান্ত বাস্তবায়নের জন্য দায়িত্বপ্রাপ্ত ব্যাক্তি	মন্তব্য
১.	খ) উন্নয়ন কার্যক্রম নিয়ন্ত্রন বিষয়ে আলোচনা।	ত্রৈ-মাসিক ভিত্তিতে নগর পরিকল্পনা ইউনিটের পূর্বের সভায় সিদ্ধান্ত গৃহিত সকল সিদ্ধান্ত সঠিক ভাবে বাস্তবায়িত হয়েছে কিনা সে বিষয়ে সভায় আলোচনা হয়। গত কোয়ার্টারে যে সকল ভবন অনুমোদন হয়েছে এই কাজগুলি সঠিকভাবে তদারকির বিষয়ে আলোচনা হয়। এছাড়া পৌরসভার **UGIIP-III** প্রকল্পের ২ ধাপের =১৫,১০,০০০,০০/- (পনের কোটি দশ লক্ষ) টাকার টেন্ডার কার্যক্রম চলমান আছে। সকলে টেন্টার কার্যক্রম সঠিক ও স্বচ্চ ভাবে সম্পাদনের জন্য মেয়র মহোদয়কে অনুরোধ করেন। মেয়র সকলকে আসস্ত করেন যে,আপনাদের সকলরে সহযোগিত থাকলে মেহেরপুর পৌরসভার সব কাজ স্বচ্চভাবেই হবে।	নগর পরিকল্পনা ইউনিটের ত্রৈমাসিক সভায় ভবন নির্মান অনুমোদন, তদারকি করা, ঝুঁকিপুর্ণ ভবন চিহ্নিতকরন, খাস জমি, নদীনালার অবৈধ ভরাট, ভবন মালিকদের নির্মান সমাপনী প্রতিবেদন নেওয়ার বিষয়ে আলোচনা হয়। পৌরসভার নির্বাহী প্রকৌশলী জানান যে , অক্টোবর ডিসেম্বর কোয়াটারে ১৫ টি বাড়ীর প্লান অনুমোদন দেওয়া হয়েছে। বাড়ী নির্মানকারীগন যাতে সঠিকভাবে পৌরসভা হতে অনুমোদনকৃত ডিজাইন মোতাবেক বাড়ী নির্মান করেন সে ব্যপারে পৌরসভার ততপরতা বৃদ্ধির বিষয়ে আলোচনা হয়। এ বিষয়ে TLCC র সদস্য জনাব হাসিনা খাতুন বলেন পৌরসভার উন্নয়ন কার্যক্রম তদারকি করার জন্য TLCC সদস্যদের দায়িত্ব পালন করতে হবে। তারা পৌরসভার উন্নয়নের কাজের অংশ হিসাবে এ দায়িত্ব পালন করবেন। তার এই প্রস্তাবের প্রেক্ষিতে অবকাঠামো কাজের মান ঠিক রাখার জন্য মেয়র মহোদয় TLCC সকল সদস্যদের উন্নয়ন কাজ তদারকী করার জন্য বিশেষভাবে অনুরোধ জানান। ভবন নির্মান অনুমোদন সহ ভৌত কাজের গুনগত মান যাতে সঠিক থাকে এ ব্যপারে মেয়র মহোদয় পৌরসভার সহকারী প্রকৌশলী সহ TLCC সকল সদস্যদের বিশেষভাবে অনুরোধ করেন। উন্নয়ন মূলক কাজ নিয়মিতভাবে তত্ত্বাবধান ও তদারকীর কাজ অব্যাহত রাখার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।	নির্বাহী প্রকৌশলী ও নক্সাকারক	
২.	গ) বাজেট বরাদ্দ সহ বার্ষিক O&M পরিকল্পনা প্রণয়ন বিষয়ে আলোচনা।	২০১৮-২০১৯ অর্থ বছরের পৌরসভার রাজস্ব বাজেটে O&M ৬১,৫০,০০০/- টাকা বরাদ্ধ রাখা হয়েছে। কর্মপরিকল্পনা অনুযায়ী ২০১৮-২০১৯ অর্থ বছরের জন্য O&M কর্মপরিকল্পনার আওতায় পাঁকা রাস্তা মেরামত ও সংস্কার, কাঁচা রাস্ড়া মেরামত ও সংস্কার, ড্রেন মেরামত ও সংস্কার, অফিস সরঞ্জামাদি, পাম্প স্টেশন, জালানী, যানবাহন ইত্যাদি বাবদ এই অর্থ ব্যয় করা হবে। চলতি কোয়াটারে ড্রেনের উপর স্লাব ,ড্রেন সংস্কার সহ বেশ কিছু উন্নয়ন কার্যক্রম করা হয়েছে । চলতি কোয়াটারে O&M	২০১৮-২০১৯ অর্থবছরের O&M বাজেট অনুসারে সকল উন্নয়নমূলক কাজ বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। সেই মোতাবেক মেয়র মহোদয় নির্বাহী প্রকৌশলীকে কর্মপরিকল্পনা অনুযায়ী কাজ করার অনুরোধ করেন।	নির্বাহী প্রকৌশলী	

		খাতে ব্যয় হয়েছে=১৪,৩৮,৭৮০/- টাকা।			

ক্ষেত্র ৩। নারী ও শহুরে দরিদ্র জনগোষ্ঠীর সমতা ও অন্তর্ভুক্তিকরণ (Equity and Inclusiveness of Women and Urban Poor)

ক্রঃ নং	আলোচ্য বিষয়	আলোচনা	গৃহীত সিদ্ধান্ত	সিদ্ধান্ত বাস্তবায়নের জন্য দায়িত্বপ্রাপ্ত ব্যাক্তি	মন্তব্য
১.	ক) জেন্ডার কর্মপরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়নের জন্য নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটি (নির্ধারিত নির্দেশিকা অনুযায়ী) গঠন ও সক্রিয় রাখা (সূত্র ঃ পৌরসভা আইন, ২০০৯ এর ৫৫ ধারা)	- GAP বাস্তবায়নের জন্য বার্ষিক বাজেট ২০১৮-২০১৯ অর্থ বছরে ৫% বেশী ধরে মোট ১০,০০,০০০/- টাকা বরাদ্দ রাখা হয়েছে। অক্টোবর-ডিসেম্বর/২০১ ইং কোয়াটারে GAP বাস্তায়নের জন্য পৌর তহবিল ও প্রকল্পের সহায়তায় দারিদ্র নারীদের কম্পিউটার প্রশিক্ষণ, উঠান বৈঠক, মহিলা শ্রমিক নিয়োগ করে প্রকল্পের অবকাঠামো নির্মাণ, শ্রমিক দের বিশেষ করে মহিলা শ্রমিকদের বিভিন্ন বিষয়ে পরামর্শ প্রদান ও লিফলেট বিতরন করা হয়েছে। নারী ও শিশুদের নিরাপত্তার জন্য বিভিন্ন গলি ও মেইন রোডে পর্যাপ্ত আলোর ব্যবস্থা করা হয়েছে। পৌরসভায় অভিযোগকারী অনেক নারীর বিভিন্ন সমস্যার সমাধান করা হয়েছে।	-নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটির সদস্য সচিব জনাব খন্দকার জাহিদুল হক বলেন, নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটির মাসিক সভা নিয়মিত আয়োজন করা হয় এবং সভার কার্যবিবরনী তৈরী করে সদস্যদের মাঝে বিতরন করার কাজ চলমান রাখা হয়েছে। -নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটির সদস্য সচিব জনাব খন্দকার জাহিদুল হক বলেন তৃতীয় নগর পরিচালন ও অবকাঠামো উন্নতিকরণ প্রকল্পে নির্মান কাজে মহিলা শ্রমিকের অংশগ্রহন নিশ্চিত করা সহ সমস্ত শ্রমিকদের বিভিন্ন বিষয়ে পরামর্শ প্রদান এবং লিফলেট বিতরন অব্যাহত আছে। - চলতি কোয়াটারে দারিদ্র ৩০ জন নারীদের কম্পিউটার প্রশিক্ষণ কার্যক্রম অব্যাহত আছে। - GAP বাস্তবায়নের মাসিক/ ত্রৈমাসিক অগ্রগতির প্রতিবেদন প্রস্তুতপূর্বক নিয়মিত PMO'তে প্রেরণের কাজ চলমান রয়েছে। - ডঃ শামসুজ্জোহা পার্কে নারী ওশিশুদের বসার জন্য আলাদা স্থান নির্ধারণ সহ উন্নত চেয়ারের/বেঞ্চের ব্যবস্থা করা হয়েছে। পার্কে নিরাপত্তার জন্য পর্যাপ্ত আলোকিত করা হয়েছে - বেগম রোকেয়া স্বরনে গত ৯ ডিসেম্বর-২০১৮ খ্রিঃ তারিখে পৌরসভায় এক বর্ণাঢ্য র‍্যালীর আয়োজন করা হয়। র‍্যালীটি পৌরসভার প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ শেষে পৌরসভায় আসে। এখানে সংক্ষিপ্ত এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়। -নিয়মিত উঠান বৈঠক অনুষ্ঠিত হচ্ছে এবং উঠান বৈঠকে নারীদের ও শিশুদের বিভিন্ন সামাজিক সমস্যা নিয়ে আলোচনা হয়।	- নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটির মাধ্যমে প্রণীত জেন্ডার এ্যাকশন প্লান বাস্তবায়নের জন্য বিভিন্ন প্রশিক্ষন, মাসিক সভা ও উঠান বৈঠক অনুষ্ঠান নিয়মিত চলমান রাখার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। - নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটির সভাপতি জনাবা হামিদা জেন্ডার এ্যাকশন প্ল্যান বাস্তবায়নের লক্ষ্যে চলতি অর্থ বছরের কর্মপরিকল্পনা অনুযায়ী নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটির মাধ্যমে উক্ত কার্যক্রম বাস্তবায়নের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয় - চলতি কোয়াটারে নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটির নেতৃত্বে সচেতনতামূলক উঠান বৈঠক করা হচ্ছে। GAP বাস্তবায়নের জন্য বরাদ্দকৃত অর্থ হতে আয়বর্ধক প্রশিক্ষণ প্রদানের পরিকল্পনা নেওয়া হয়েছে। - মেহেরপুর সরকারী গার্লস স্কুলের অভ্যান্তরে একটি ক্যান্টিন ও ষ্টেশনারী দোকানের পরিকল্পনা গ্রহণ করা হয়েছে।	চেয়ার পার্সন এবং সাচিবিক দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তা, নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটি ও পৌর পরিষদ।
২.	খ) দারিদ্র হ্রাসের কর্মপরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়নের জন্য দারিদ্র হ্রাস ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটি (নির্ধারিত নির্দেশিকা অনুযায়ী) গঠন	দরিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটির মাধ্যমে দরিদ্র হ্রাসকরন কর্মপরিকল্পনার রুপরেখা বাস্তবায়নের জন্য দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক অতিরিক্ত স্থায়ী কমিটির মাসিক সভা নিয়মিত করা হচ্ছে। দরিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটির সাচিবিক দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা ও পৌরসভার বস্তি উন্নয়ন কর্মকর্তা জনাব খোন্দকার জাহিদুল হক বলেন দরিদ্র হ্রাসকরন কর্মপরিকল্পনা	- দরিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটির সদস্য সচিব জনাব খন্দকার জাহিদুল হক বলেন উক্ত কমিটির মাসিক সভা নিয়মিত করা হয় এবং সভার কার্যবিবরনী তৈরী করা হয়। সেই সাথে অনুমোদিত বস্তিতে গঠিত বস্তি উন্নয়ন কমিটির সভা নিয়মিত করা হয়। -TLCC এর সম্মানিত সদস্য ও ৮ নং ওয়ার্ডের কাউন্সিলর জনাব সৈয়দ মনজুরুল কবির সভায় বলেন, তার ৮ নং ওয়ার্ডে অনেক দারিদ্র জনগোষ্ঠি বিদ্যমান। সেখানে প্রকল্প থেকে বস্তি উন্নয়ন কার্যক্রম এর আওতায় কোন কাজ হবেনা। তাই পৌর তহবিল থেকে এলাকার দারিদ্র মানুষের জন্য কোন উন্নয়নমূলক কাজ করা আহবান জানান।।	-পৌর এলাকার বস্তি সমূহের আর্থসামাজিক উন্নয়নের জন্য বিভিন্ন কর্মমূখী প্রশিক্ষন সহায়তা করার লক্ষ্যে বাৎসরিক কর্মপরিকল্পনা অনুযায়ী কার্যক্রম বাস্তবায়নের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। - দরিদ্র হ্রাসকরন কর্মপরিকল্পনা বাস্তবায়নের লক্ষ্যে অনুমোদিত বস্তিসমূহের মধ্যে বস্তি উন্নয়ন কমিটির সভা নিয়মিত করার সিদ্ধান্ত গৃহীত হয়। -চিহ্নিত বস্তি সমূহের মধ্যে বস্তি উন্নয়ন কমিটির মাধ্যমে বস্তিসমূহে বিভিন্ন উন্নয়ন কার্যক্রম বাস্তবায়নের বিষয়ে সিদ্ধান্ত হয়	দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন কমিটি এবং পৌর পরিষদ

ক্রঃ নং	আলোচ্য বিষয়	আলোচনা	গৃহীত সিদ্ধান্ত	সিদ্ধান্ত বাস্তবায়নের জন্য দায়িত্বপ্রাপ্ত ব্যাক্তি	মন্তব্য
	ও সক্রিয় রাখা (সূত্র ঃ পৌরসভা আইন, ২০০৯ এর ৫৫ ধারা)	বাস্তবায়নের জন্য প্রকল্প অফিস থেকে অনুমোদন পাওয়া ৬টি বস্তির কমিউনিটি এ্যাকশন প্ল্যান (CAP) ইতি মধ্যেসম্পন্ন হয়েছে এবং CAP গুলি PMO প্রেরণ করা হয়েছে। বস্তি উন্নয়ন কার্যক্রম সঠিক ভাবে বাস্তবায়নের জন্য PMO এর সঙ্গে নিয়োমিত যোগাযোগ রাখা হচ্ছে। PMO থেকে যখন যে তথ্য চাওয়া হচ্ছে তা নিয়োমিত পাঠানো হচ্ছে।	-TLCC এর সম্মানিত সদস্য এবং দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন কমিটির সভাপতি জনাবা মোছাঃ আলপনা খাতুন বলেন মেহেরপুর পৌরসভায় ৬টি এলাকা প্রকল্প হতে অনুমোদন দেওয়া হয়েছে যেখানে উন্নয়ন মূলক কার্যক্রম বাস্তবায়ন হবে। এই সমস্ত এলাকায় প্রকল্পের সাহায্যে এলাকা আলোকিত করার জন্য ষ্টিট লাইট নির্মান করা হবে। এর বাইরে দারিদ্র এলাকায় এরূপ ষ্টিট লাইট নির্মাণ করার প্রস্তাব দেন।	- দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটির মাসিক সভায় সংশ্লিষ্ঠ ওয়ার্ড ও সংরক্ষিত নারী কাউন্সিলর গনের উপস্থিত থাকার সিদ্ধান্ত হয়। দরিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন কার্যক্রমেনর আওতায় দারিদ্র এলাকায় কিছু কিছু সলিং রোড নির্মানের সিদ্ধান্ত গৃহিত হয়। দরিদ্র হ্রাসকরন কর্মপরিকল্পনার আওতায় দারিদ্র এলাকায় কিছু ষ্টিট লাইট স্থাপনের সিদ্ধান্ত গৃহিত হয়।	
গ)বস্তি উন্নয়ন কার্যক্রম বাস্তবায়নের জন্য স্থির চিত্র ও ভিডিও চিত্র ধারণ প্রসংগে।	PMO হতে নির্দেশনা অনুযায়ী বস্তি উন্নয়ন কার্যক্রম বাস্তবায়নের জন্য অনুমোদিত ৬ টি বস্তির অবকাঠামোর বর্তমান অবস্থার স্থির চিত্র ও ভিডিও চিত্র প্রেরণের জন্য উল্লেখিত বস্তিগুলির স্থির চিত্র ও ভিডিও চিত্র ধারণ করে তা ইতি মধ্যে PMO তে প্রেরণ করা হয়েছে। অনুমোদিত ৬টি বস্তির বিভিন্ন তথ্য এবং ঐ এলাকার টিউবওয়েলের পানি পরীক্ষার রিপোর্ট ইতি মধ্যে PMO তে প্রেরণ করা হয়েছে।	দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটির সভাপতি জনাবা মোছাঃ আলপনা বেগম সভাকে জানান যে, পৌর এলাকার ৬টি বস্তিতে উন্নয়নমূলক কাজ করার জন্য প্রকল্পের নির্দেশনা মোতাবেক ইতি মধ্যে অনুমোদিত ৬টি বস্তির অবকাঠামোর স্থির চিত্র ও ভিডিও চিত্র ধারণ করে ক্যাপশন সহ PMO তে প্রেরণ করা হয়েছিল। পরবর্তীতে এই ছবি আবার প্রেরণের জন্য বলে এবং উহা মেইল যোগে আবারো প্রেরণ করা হয় । এ ছাড়া আরো কিছু তথ্য চাওয়ার প্রেক্ষিতে প্রেরণ করা হয়েছে। অনুমোদিত ৬টি বস্তির টিউবওয়েলের পানির ৬টি পরীক্ষা সম্পন্ন করেও ইতি মধ্যে PMO তে প্রেরণ করা হয়েছে। তিনি আশা প্রকাশ করেন, বস্তিতে বস্তি উন্নয়ন কার্যক্রম সুষ্ঠ ও সুন্দর ভাবে সম্পন্ন হবে।	প্রকল্পের নির্দেশনা মোতাবেক গঠিত বস্তি উন্নয়ন কমিটি (SIC) এর মাসিক সভা অনুষ্ঠিত হয় এবং পিএমও' তে প্রেরন করা হচ্ছে। বস্তিতে দ্রুত উন্নয়নমূলক কার্যক্রম শুরু করার জন্য CAP প্রস্তত করার কাজ শেষ করে ইতি মধ্যে PMO তে প্রেরণ করা হয়েছে। অনুমোদিত বস্তি বর্তমান অবস্থার অবকাঠামোর স্থির চিত্র ও ভিডিও চিত্র ধারণ করত ক্যাপশন সহ PMO তে প্রেরণ করা হয়েছে। এই কাজের জন্য প্রকল্প হতে চাওয়া অন্যান্য তথ্যও যথাসময়ে প্রেরণ করা হচ্ছে। এছাড়া অনুমোদিত ৬টি বস্তির টিউবওয়েলের পানির ৬টি পরীক্ষা সম্পন্ন করেও ইতি মধ্যে PMO তে প্রেরণ করা হয়েছে। বর্তমানে PMO হতে অনুমোদনের অপেক্ষায় আছি। উন্নয়ন কার্যক্রমের অনুমোদন পেলেই সকলের সহযোগিতায় উন্নয়নমূলক কার্যক্রম সম্পন্ন করা হবে।	দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন কমিটি ও বস্তি উন্নয়ন কর্মকর্তা।	

ক্ষেত্র - ৪। স্থানীয় সম্পদ আহরণ বৃদ্ধি (Enhancement of Local Resource Mobilization)

ক্রঃ নং	আলোচ্য বিষয়	আলোচনা	গৃহীত সিদ্ধান্ত	সিদ্ধান্ত বাস্তবায়নের জন্য দায়িত্বপ্রাপ্ত ব্যাক্তি	মন্তব্য
১.	ক) হোল্ডিং ট্যাক্স এর মাধ্যমে রাজস্ব আহরণ বিষয়ে আলোচনা।	চলতি অর্থ বছরের আদায় কার্যক্রম নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হল। চলতি কোয়াটারের হোল্ডিং ট্যাক্স আদায় কার্যক্রম পর্যালোচনা করা হয় । মেহেরপুর পৌরসভার ২০১৮-১৯ অর্থ বছরে মোট দাবী=১,৬৯,২২,২৭৬/- টাকা। ডিসেম্বর-২০১৮ পর্যন্ত মোট আদায়=৭২,১৭,৩৭৯/- টাকা। চলতি কোয়াটারে মোট আদায় হয়েছে=৪৯,৮১৩৬৪/-টাকা আদায়ের হার ৪২.৪০%। এখানে উল্লেখ্য যে, জুলাই হতে ডিসেম্বর পর্যন্ত =৩,৯৯,৬৪৫/- টাকা রিবেট প্রদান করা হয়েছে।।রিবেট সহ মোট আদায় (৭২১৭৩৭৯+৩৯৯৬৪৫=৭৬১৭০২৪/- টাকা । সর্বমোট আদায়ের হার ৪৫.০১%। উপস্থিত সকলে আদায়ে পরিমান পর্যালোচনা করে অসন্তোষ প্রকাশ করেন এবং আদায় কিভাবে বৃদ্ধি করা যায় সে বিষয়ে মতামত প্রকাশ করেন। করআদায় ও নিরুপন কমিটির সভাপতি ও আদায়কারী গন বলেন বছরের শুরুতে আদায় কম থাকে যথা সময়ে লক্ষ পুরুন হবে। মেয়র মহোদয় সকলকে আন্তরিক হয়ে আদায় কার্যক্রম চালানোর অন্য নির্দেশ দেন এবং ৩০জুন-২০১৯ মধ্যে আদায়ের হার ৯৫% লক্ষমাত্রা নির্ধারন করে কার্যক্রম পরিচালনার জন্য সংশ্লিষ্ট সকলে নির্দেশ দেন।	আদর্শ কর তফশীল ২০১৪ অনুযায়ী নতুন ও সম্প্রসারিত ভবনের অন্তবর্তী কর নির্ধারন কার্যক্রম চলমান রাখার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। সভার সম্মানিত সভাপতি ও মেয়র চলতি অর্থ বছরে আদায়ের লক্ষ্যমাত্রা অনুযায়ী আদায় জোরদার করার জন্য পৌর পরিষদ এবং TLCC এর সকল সদস্যদেরকে তাদের উপর অর্পিত দায়ীত্ব যথাযথভাবে পালন করার জন্য অনুরোধ জানান। সভার সম্মানিত সভাপতি ও মেয়র মহোদয় আরও বলেন, কর শাখার সকল আদায়কারীকে চলমান ২০১৮-২০১৯ অর্থবছরের কর্মপরিকল্পনা তৈরী করে কর্মপরিকল্পনা অনুযায়ী পৌর কর আদায়ের কার্যক্রম চালানোর জন্য নির্দেশ দেন। সভায় কর আদায়ের অগ্রগতি প্রতি সপ্তাহের বৃহস্পতিবার সচিবের মাধ্যমে মেয়র মহোদয়ের নিকট উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়।	সভাপতি কর আদায় ও নিরুপন কমিটি,সচিব ও ট্যাক্স শাখা।	
২.	খ) পরোক্ষ কর এবং ফি আদায়ের মাধ্যমে রাজস্ব আহরণ বিষয়ে আলোচনা।	পৌরসভার আওতায় মোট ৪৫৫ টি নিজস্ব দোকান ঘর আছে। অক্টোবর-ডিসেম্বর ২০১৮ কোয়াটারে দোকান ঘর ভাড়া বাবদ (বকেয়া ও চলতি) মোট আদায় হয়েছে =৫০,৬২১৫/- টাকা। যার মধ্যে বকেয়া আদায=১,৭৩,০৩০/-	সভায় মেয়র মহোদয় উপস্থিত সকল সদস্যদের সাথে আলোচনা করে পৌরসভার মালিকানাধিন দোকানের ভাড়া,ট্রেড লাইসেন্স,হোল্ডিং ট্যাক্সসহ সকল প্রকার আদায়ের জন্য পৌরসভার সচিবকে কমিটি গঠনের নির্দেশ দেন এবং উভয় কাজের অগ্রগতির প্রতিবেদন পরবর্তী টিএলসিসি সভায় উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়।	সচিব/হিসাব শাখা/ সাধারন শাখা/লাইসেন্স শাখা	

ক্রঃ নং	আলোচ্য বিষয়	আলোচনা	গৃহীত সিদ্ধান্ত	সিদ্ধান্ত বাস্তবায়নের জন্য দায়িত্বপ্রাপ্ত ব্যাক্তি	মন্তব্য
		এবং চলতি আদায়=৩,৩৩,১৮৫/- টাকা। অক্টোবর-ডিসেম্বর/২০১৮ কোয়াটারে ৪৪৬টি ট্রেড লাইসেন্স প্রদান করা হয়েছে এবং চলতি কোয়াটারে আদায়কৃত টাকার পরিমাণ =৪,৫৬,৭৮০/- টাকা। ৩০ ডিসেম্বর ২০১৮ পর্যন্ত আদায়ের হার ৬০%। অক্টোবর-ডিসেম্বর/২০১৮ পর্যন্ত মোট ০৭টি বিশুদ্ধ খাদ্য লাইসেন্স বাবদ =২৫০০/-(এগার হাজার ছয়শত) টাকা ও অন্যান্য সনদ প্রদান করা হয়েছে ০৫টি এবং ফি বাবদ আয় হয়েছে =৫৩০০/-। অযান্ত্রিক যানবাহন বাবদ চলতি কোয়াটারে মোট ১৯৬টি লাইসেন্স প্রদান কর হয়েছে এবং আদায় হয়েছে =৪৫,৮৮২/- টাকা। ঠিকাদারী টেড্র লাইসেন্স অক্টোবর-ডিসেম্বর/২০১৮ পর্যন্ত মোট ১৮টি প্রদান করা হয়েছে। যার বিপরীতে =৩৩,৫০০/-(তেত্তিশ হাজার পাচশত) টাকা আদায় হয়েছে। আগামী অর্থ বছরে কর-বহির্ভুত রাজস্ব আদায় বৃদ্ধির বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়।			
৩.	গ) কম্পিউটারাইজড ট্যাক্স (কর) রেকর্ড ব্যবস্থার প্রবর্তন এবং কম্পিউটারের মাধ্যমে বিল প্রণয়ন বিষয়ে আলোচনা।	পৌরসভার কম্পিউটারাইজড হোল্ডিং ট্যাক্স বিল জারির কার্যক্রম চলমান আছে গ্রাহকের বাড়ি বাড়ি বিল যথা সময়ে পৌছানোর কাজ চলমান আছে। -মাসিক ভিত্তিতে ট্যাক্স প্রতিবেদন প্রস্তুত করে মেয়র মহোয়ের নিকট উপস্থাপন ও PMO তে প্রেরন বিষয়ে সভায় আলোচনা কর হয়।	কম্পিউটারাইজড হোল্ডিং ট্যাক্স বিল জারির কার্যক্রম চলমান রয়েছে। ত্রৈমাসিকের বিল প্রিন্ট করে গ্রাহকের বাড়ি বাড়ি গিয়ে বিল যথাসময়ে পৌছে দেওয়া হচ্ছে। TLCC এর সম্মানিত সদস্য ও পৌর কাউন্সিলর ও কর নিরুপন ও আদায় সংক্রান্ত স্থায়ী কমিটির সভাপতি জনাব সৈয়দ আবু আব্দুল্লাহ বাপ্পি পৌর কর আদায়ের হার চলতি অর্থ বছরে (২০১৮-১৯) যাতে ৯৫% এর উপরে হয় তার জন্য সংশ্লিষ্ট কর আদায়কারী কর নিরুপন ও আদায় সংক্রান্ত স্থায় কমিটির সকল সদস্যদের বিষেশভাবে অনুরোধ জানান। কম্পিউটারাইজড ট্যাক্স রেকর্ড ব্যবস্থার প্রবর্তণ এবং কম্পিউটারে বিল প্রস্তুত করার কাজ চলমান থাকবে। নতুন রেট অনুযায়ী কম্পিউটারাইজড বিল প্রিন্টের প্রতিবেদন প্রতি মাসে মেয়র মহোদয়ের নিকট উপস্থাপন করার সিদ্ধান্ত হয়। প্রতি কোয়ার্টারে কম্পিউটারাইজড বিল প্রিন্ট করে গ্রাহকের নিকট উক্ত বিল প্রেরণ নিশ্চিত করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।	সভাপতি কর আদায় ও নিরুপন কমিটি ,এ্যাসেসর ও **ট্যাক্স কালেক্টর**	

ক্রঃ নং	আলোচ্য বিষয়	আলোচনা	গৃহীত সিদ্ধান্ত	সিদ্ধান্ত বাস্তবায়নের জন্য দায়িত্বপ্রাপ্ত ব্যাক্তি	মন্তব্য
			কম্পিউটারাইজড বিল প্রিন্টের কপি প্রকল্প সদর দপ্তরে প্রেরনের সিদ্ধান্ত গৃহীত হয়। বাৎসরিক কর্মপরিকল্পনা করে কর আদায় বৃদ্ধির বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।		
৪.	ঘ) পানির বিল নির্ধারণ ও সংগ্রহ বিষয়ে আলোচনা।	পানির বিল আদায় বৃদ্ধির লক্ষ্যে মাইকিং, প্রচারণা করাসহ TLCC ও WC এর সভায় নিয়মিত আলোচনা করার সিদ্ধান্ত নেওয়া হয়। পানির বিল পরিশোধ না করলে পানির সংযোগ বিচ্ছিন্ন করণসহ সকল ধরণের ব্যবস্থা গ্রহণ করা হবে এবং এই ধারা অব্যহত থাকবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়েছে। -প্রতি ৩ মাস অন্তর অন্তর অগ্রগতি পর্যালোচনা করে প্রতিবেদন তৈরী করে মেয়র এর নিকট উপস্থাপন ও PMO তে প্রেরণ করা হয়েছে।	মেহেরপুর পৌরসভায় ২০১৮-২০১৯ অর্থ বছরের পানি শাখার চলতি ও বকেয়া সহ মোট দাবীর পরিমান =৪৩৩৮২১৯/-টাকা। যার মধ্যে বকেয়=১৪,২৮,৪১৯/- এবং চলতি=২৯,১০,৮০০/-টাকা। যার মধ্যে জুলাই-ডিসেম্বর ২ কোয়াটারে আদায়=৩৮,৩০,৬১৩/- টাকা মাত্র। আদায়ের হার হার ৮৮.২৯%। সভায় বকেয়া পানির বিল আদায় বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। বিস্তারিত আলোচনান্তে বকেয়া পানির বিল আদায়ের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য ভারপ্রাপ্ত পানি সুপারকে অনুরোধ করা হয়। পৌরসভায় কোন কোন এলাকায় পানির সংযোগ লাইন না থাকায় এ ব্যাপারে TLCC এর সম্মানিত সদস্য ও সংরক্ষিত কাউন্সিলর জনাব আলী আশরাফ রাজীব বলেন, যেসব এলাকায় পানির সংযোগ লাইন নাই, সেসব এলাকায় নতুন করে পানির সংযোগ লাইন এর ব্যবস্থা গ্রহনসহ, পানির বিল আদায় বৃদ্ধির লক্ষ্যে মইকিং, প্রচারণা করাসহ একটি বাৎসরিক কর্মপরিকল্পনা তৈরী করে সে মোতাবেক আদায়ের অগ্রগতি TLCC ও WC এর সভায় নিয়মিত আলোচনা করার সিদ্ধান্ত নেওয়া হয়। পানির বিল পরিশোধ না করলে পানির সংযোগ বিচ্ছিন্ন করণসহ বকেয়া গ্রাহকের বাসার সামনে লাল পোষ্টার লাগানোসহ সকল ধরণের ব্যবস্থা গ্রহণ করা হবে এবং এই ধারা অব্যহত থাকবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।	ওয়াটার সুপার ও পানি শাখা	

ক্ষেত্র ৫। আর্থিক ব্যবস্থাপনা, দায়বদ্ধতা ও স্থায়িত্বশীলতা (Financial Management, Accountability and Sustainability)

ক্রঃ নং	আলোচ্য বিষয়	আলোচনা	গৃহীত সিদ্ধান্ত	সিদ্ধান্ত বাস্তবায়নের জন্য দায়িত্বপ্রাপ্ত ব্যাক্তি	মন্তব্য
১.	ক) কর্মকর্তা ও কর্মচারীবৃন্দের প্রশিক্ষন/অরিয়েন্টেশনের ব্যবস্হা গ্রহন এবং রাজস্ব আয় বৃদ্ধির পরিকল্পনা সম্পর্কে আলোচনা।	১। অর্থ ও সংস্থাপন স্থায়ী কমিটির সভাপতি সাহেব মেহেরপুর পৌরসভার দক্ষতা বৃদ্ধির জন্য প্রশিক্ষন/অরিয়েন্টেশনের গুরুত্ব অপরিসিম। বিধায় সকল কর্মকর্তা কর্মচারীদের প্রশিক্ষন গ্রহনের জন্য নিয়ামক কর্তৃপক্ষ ও প্রকল্প পরিচালক উইজিআইপি-৩ এর মাধ্যমে প্রশিক্ষন/অপিয়েন্টেশন গ্রহনের	১। পৌরসভার কর্মকর্তা কর্মচারীদের দক্ষতা বৃদ্ধির জন্য প্রশিক্ষন/অরিয়েন্টেশনের জন্য নিয়ামক কর্তৃপক্ষ ও প্রকল্প পরিচালক UGIIP-III এর মাধ্যমে প্রশিক্ষন/অপিয়েন্টেশন গ্রহনের জন্য অনুরোধ জানানো হবে।	মেয়র,মেহেরপুর পৌরসভা।	

ক্রঃ নং	আলোচ্য বিষয়	আলোচনা	গৃহীত সিদ্ধান্ত	সিদ্ধান্ত বাস্তবায়নের জন্য দায়িত্বপ্রাপ্ত ব্যাক্তি	মন্তব্য
		প্রয়োজনীয় ব্যবস্থা করনের জন্য অনুরোধ জানানো হয়।			
২.	২০১৭-১৮ অর্থ বছরের আভ্যন্তরীন নিরীক্ষা অগ্রগতি সম্পর্কে পর্যালোচনা।	২০১৭-১৮ অর্থ বছরের আভ্যন্তরিন অডিট কার্যক্রম পরিচালনা করা হয়েছে। অডিটে ০৬টি অডিট আপত্তি দেখা গেছে। আপত্তিগুলো হলো ঃ-১। ২০১৭-১৮ অর্থ বছরের বিদ্যুৎ বিল পরিশোধ না করায় ওজোপাডিকোর আর্থিক ক্ষতি =৮,২৬,৫২২/- টাকা। ২। ২০১৭-১৮ অর্থ বছরের BMDF এর ঋণ সরকারী কোষাগারে জমা না করায় সরকারের রাজস্ব ক্ষতি হয়েছে=৭,৪১,৫৫৫/- টাকা। ৩। ওয়াটাার ট্যারিফ বাবদ অনাদায় =১৪,২৮,৪১৯/-টাকা। ৪। হোল্ডিং ট্যাক্স বাবদ অনাদায়=২১,৫৮,৫৪৮/-। ৫। ট্রেড লাইসেন্স বাবদ অনাদায় =১১,৬২০৮/- টাকা। ৬। ঘরভাড়া বাবদ অনাদায়=৬৭১৯৮০/- টাকা।	উত্থাপিত অডিট আপত্তিসমুহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য মেয়র মহোদয়ের নিকট প্রেরন করা হয়েছিল। অডিট আপত্তিগুলো নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হল। বিস্তারিত আলোচনান্তে ১নং অডিট আপত্তিকৃত টাকা পরিশোধ করার সিদ্ধান্ত ও ২ নং অডিট আপত্তির ১টি কিস্তি পরিশোধের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহিত হল। অন্যান্য অডিট আপত্তিগুলো সমাধানের জন্য মেয়র মহোদয়কে অনুরোধ করা হল।	মেয়র ও হিসাব শাখা, মেহেরপুর পৌরসভা।	
৩.	গ) কম্পিউটারের মাধ্যমে হিসাব ব্যবস্থার প্রবর্তন এবং কম্পিউটারে প্রস্তুতকৃত হিসাব প্রতিবেদন প্রণয়ন বিষয়ে আলোচনা।	কম্পিউটারাইজড হিসাব ব্যবস্থা চলমান রাখা হয়েছে। অক্টোবর-ডিসেম্বর/২০১৮ইং কোয়াটারের Receipts & Payments Posting সম্পন্ন করে হিসাব প্রতিবেদন মেয়র মহোদয়ের-এর নিকট উপস্থাপন এবং PMO তে প্রেরণ করার সিদ্দান্ত গ্রহণ করা হয়েছে। Receipts & Payments Posting সম্পন্ন করে হিসাব প্রতিবেদন মেয়র মহোদয়ের-এর নিকট উপস্থাপন করা হয়েছে এবং ০৭/০১/২০১৯ইং তারিখের মধ্যে PMO তে প্রেরণের বিষয়ে আলোচনা করা হয়।	প্রতি মাসের শেষে Receipts & Payments Posting সম্পন্ন করে হিসাব প্রতিবেদন মেয়র মহোদয়ের-এর নিকট উপস্থাপন করা এবং PMO তে প্রেরণ করার কাজ চলমান রাখার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।	**হিসাব রক্ষণ কর্মকর্তা**	

ক্রঃ নং	আলোচ্য বিষয়	আলোচনা	গৃহীত সিদ্ধান্ত	সিদ্ধান্ত বাস্তবায়নের জন্য দায়িত্বপ্রাপ্ত ব্যাক্তি	মন্তব্য
৪.	ঘ) বিদ্যুৎ ও টেলিফোন বিল পরিশোধ বিষয়ে আলোচনা।	২০১৭-১৮ অর্থ বছরে বিদ্যুৎ বিল ককেয়া আছে =৮,২৬,৫১২/- বকেয়া আছে এবাং চলতি জুলাই হতে ডিসেম্বর পর্যন্ত বিদ্যুৎ বিল হয়েছে= ৩৬,২১,৮৩১/-টাকা। মোট=৪৪,৪৮,৩৫৩/টাকা। ৯০% বিদ্যুৎ বিল এবং ১০০% টেলিফোন বিল পরিশোধের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহিত হল।	বিদ্যুৎ বিল ও টেলিফোন বিল পরিশোধের প্রয়োজণীয় ব্যবস্থা গ্রহন করার জন্য জন্য মেয়র মহোদয়কে অনুরোধ করেন।	মেয়র,সচিব, হিসাব রক্ষণ কর্মকর্তা	
৫.	ঙ) স্থায়ী সম্পদের অবচয়ের হিসাব প্রবর্তন বিষয়ে আলোচনা।	স্থায়ী সম্পদের রেজিস্টারে পৌরসভার স্থায়ী সম্পদ সমূহ নিয়মিত লিপিবদ্ধ কার্যক্রম অব্যাহত রাখার বিষয়ে ও অবচয় হিসাব সংক্রান্ত বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হলো।	ইতোমধ্যে পৌরসভার স্থায়ী সম্পদের হালনাগাদ করা হয়েছে। হালনাগাদ তথ্যাদিতে পৌরসভার ভূ-সম্পত্তি, ভবনাদি, যানবাহন, পানি সরবরাহ শাখার সম্পদসহ পৌরসভার রাস্তাঘাট, ব্রীজ-কালভার্ট ও ড্রেনের তথ্যাদি সংযোজন করা হয়েছে। এ ধারা অব্যাহত থাকবে। স্থায়ী সম্পদের অবচয় হিসাব খোলা হয়েছে। হিসাব নং-পূর্বালী ব্যাংক চলতি হিসাব নং-২৯২৭-১। বর্তমানে অবচয় হিসাবটি চালু রাখা ও অবচয় হিসাবে পযায়ক্রমে টাকা জমা দেওয়ার সিদ্ধান্ত গৃহিত হলো।	মেয়র,সচিব,হিসাব রক্ষন কর্মকর্তা।	
৬.	চ) সকল সরকারি ঋণ পরিশোধ বিষয়ে আলোচনা।	**BMDF** নিকট থেকে =১,০৯,৪৬,৫১৫/- টাকা ঋণ গ্রহণ করা হয়েছিল। যার বিপরিতে =১,০২,০৪,৯৬০/- টাকা পরিশোধ করা হয়েছে। ২০১৮-২০১৯ অর্থ বছরে পরিশোধযোগ্য ঋণের পরিমাণ =৭,৪১,৫৫৫/- টাকা । যার বিপরীতে একটি কিস্তি পরিশোধের সিদ্ধান্ত গৃহিত হলেঅ।	প্রকল্পের শর্ত মোতাবেক **BMDF** এর ঋণ ৯০% এর উপরে পরিশোধের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।	মেয়র,সচিব, হিসাব রক্ষণ কর্মকর্তা	

ক্ষেত্র ৬। প্রশাসনিক স্বচ্ছতা (Administrative Transparency).

ক্রঃ নং	আলোচ্য বিষয়	আলোচনা	গৃহীত সিদ্ধান্ত	সিদ্ধান্ত বাস্তবায়নের জন্য দায়িত্বপ্রাপ্ত ব্যাক্তি	মন্তব্য
১.	ক) স্থায়ী কমিটি গঠন ও কার্যকর রাখা (সূত্রঃ পৌরসভা আইন, ২০০৯ এর ৫৫ ধারা)	২৩ডিসে/২০১৮ তারিখের মধ্যে সকল স্থায়ী কমিটির সভা বিভিন্ন সম্পূর্ণ হয়েছে । অত্র পৌরসভাার ১১টি স্থায়ী কমিটি আছে । উক্ত স্থায়ী কমিটি সকল সভা যথা সময়ে অনুষ্ঠিত হয়েছে। আগামী ৩০ মার্চ-২০১৯ মধ্যে সকল স্থায়ী কমিটির সভা যথা সময়ে করার ব্যাপারে বিস্তারিত আলোচনা হয়।	অত্র পৌরসভায় ১১টি স্থায়ী কমিটি আছে। উক্ত স্থায়ী কমিটির অক্টোবর-ডিসেম্বর-২০১৮ মাসের সকল সভা বিভিন্ন তারিখে অনুষ্ঠিত হয়েছে। আগামী কোয়াটারে অর্থাৎ ৩০ মার্চ/২০১৯ এর আগে সকল স্থায়ী কমিটির সভা করার জন্য মেয়র মহোদয় সকল স্থায়ী কমিটির সভাপতিকে অনুরোধ জানান।	সকল স্থায়ী কমিটির সভাপতি	

ক্রঃ নং	আলোচ্য বিষয়	আলোচনা	গৃহীত সিদ্ধান্ত	সিদ্ধান্ত বাস্তবায়নের জন্য দায়িত্বপ্রাপ্ত ব্যাক্তি	মন্তব্য
২.	গ) সুশাসনের জন্য উন্নত তথ্য প্রযুক্তি/IT ব্যবহার বিষয়ে আলোচনা।	২০০৯খ্রিঃ হতে মেহেরপুর পৌরসভায় ট্রেড লাইসেন্স , পানির বিল, পৌর কর, হিসাবরক্ষণ ব্যবস্থাপনা সফটওয়ার পুরো-পুরি চালু রয়েছে। মেহেরপুর পৌরসভায় চলতি অর্থ বছর হতে **UGIIP-III** সহায়তায় কর নির্ধারন সফটওয়ার চালু হয়েছে। ডাটা এন্টির কাজ চলছে। পৌরসভার যাবতীয় গুরুত্বপূর্ণ তথ্য ওয়েবসাইটে প্রত্যাহ হালনাগাদ করার জন্য পৌর তথ্য ও সেবা কেন্দ্রের উদ্যোক্তা জনাব মোঃ সানোয়ার হাসান'কে দায়িত্ব দেয়া হয়। জন্ম-মৃত্য সনদ কম্পিউটারে রেকর্ড রাখা এবং অগ্রগতি বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।	এই কার্যক্রমের আওতায় কম্পিউটারাইজড একাউন্টিং সফটওয়ার চলমান আছে। মেহেরপুর পৌরসভার ওয়েবসাইট খোলা আছে যার ঠিকানা www.meherpurmunicipality.com যে কেউ চাইলেই পৌর ওয়েব সাইটে প্রবেশ করে বিভিন্ন তথ্য জানতে পারবেন সে সব বিষয়ে সহজীকরন করা হবে । এ ব্যাপারে সিদ্ধান্ত গৃহিত হয়। এছাড়া সফটওয়ার ব্যবহারের উপর প্রশিক্ষণ প্রদান করে এই সেবা সমূহগুলো আরো গতিশীল করার সিদ্ধান্ড় গৃহীত হয়।	মেয়র ও সচিব ও ডিজিটাল সেন্টার।	

ক্ষেত্র ৭। পৌরসভার প্রয়োজনীয় সেবা সচল রাখা (Keeping Essential Pourashava Services Functional)

ক্রঃ নং	আলোচ্য বিষয়	আলোচনা	গৃহীত সিদ্ধান্ত	সিদ্ধান্ত বাস্তবায়নের জন্য দায়িত্বপ্রাপ্ত ব্যাক্তি	মন্তব্য
১.	ক) বর্জ্য সংগ্রহ, অপসারণ এবং ব্যবস্থাপনা বিষয়ে আলোচনা।	২০১৮-১৯ অর্থ বছরে মেহেরপুর পৌরসভার বর্জ্য সংগ্রহ, অপসারণ এবং ব্যবস্থাপনা সুষ্ঠুভাবে বাস্তবায়নের লক্ষ্যে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণসহ কর্ম-পরিকল্পনা মোতাবেক সকল কার্যক্রম পরিচালিত হচ্ছে। সভায় বর্জ্য সংগ্রহ, অপসারন এাবং ব্যবস্থাপনা বিষয়ে গত সভার সিদ্ধান্ত গুলি নিয়ে আলোচনা করা হয়। গত সভার সিদ্ধান্ত বাস্তবায়ন বিষয়ে সকলে সন্তোষ্টি প্রকাশ করেন। টিএলসিটি সদস্য জনাব জনাব চায়না আক্তার পৌরসভার বর্জ্য অপসারন বিষয়ে সন্তোষ্টি প্রকাশ করেন এবং ময়লা আবর্জনা পরিষ্কারের কার্যক্রম আরও জোরদার করার জন্য মেয়র মহোদযকে অনুরোধ করেন। এই বিষয়টি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয় এবং সকলে তার এই সিদ্ধান্তকে	মেহেরপুর পৌরসভার ২০১৮-১৯ অর্থ বছরের বাজেট মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণসহ বর্জ্য ব্যবস্থাপনার এ ধারা অব্যাহত রাখার জন্য সভায় বিস্তারিত আলোচনা হলো। বিস্তারিত আলোচনান্তে আগামী কোয়াটারে (জানুয়ারী-মার্চ) বর্জ্য সংগ্রহ, অপসারণ এবং ব্যবস্থাপনা বিষয়ে আরও আন্তরিক ভাবে কাজ করার সিদ্ধান্ত গৃহিত হয়।	নির্বাহী প্রকৌশলী ও কঞ্জারভেন্সী ইন্সেপেক্টর।	

ক্রঃ নং	আলোচ্য বিষয়	আলোচনা	গৃহীত সিদ্ধান্ত	সিদ্ধান্ত বাস্তবায়নের জন্য দায়িত্বপ্রাপ্ত ব্যাক্তি	মন্তব্য
		স্বাগত জানান। মেহেরপুর পৌরসভায় নিয়মিত বর্জ্য সংগ্রহ, অপসারণ এবং ব্যবস্থাপনার জন্য ২০১৮-১৯ অর্থ বছরে বাজেট বরাদ্দ=৫০,৭০০০০/- চলতি অক্টোবর-ডিসেম্বর/২০১৮ কোয়াটারে ব্যয় হয়েছে =১২,৬৬,৩১৫/- টাকা। মেহেরপুর পৌরসভায় বর্জ্য সংগ্রহ, অপসারণ এবং ব্যবস্থাপনা সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে। TLCC অধিকাংশ সদস্য বর্তমানে বর্জ্য সংগ্রহ ও অপসারণ কাজে পৌরসভার প্রতি সন্তোষ্টি প্রকাশ করেন এবং পরবর্তীতে এ ধারা অব্যাহত রাখার জোর সুপারিশ করেন।			
২.	খ) ড্রেন পরিষ্কার ও রক্ষণবেক্ষণ বিষয়ে আলোচনা।	মেহেরপুর পৌরসভার ২০১৮-১৯ অর্থ বছরের বাজেট মোতাবেক ড্রেন পরিষ্কার কার্যক্রম অব্যাহত রাখার বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। ড্রেন পরিস্কার ও রক্ষণাবেক্ষন সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে। গত সভার সিদ্ধান্ত বাস্তবায়ন বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হল এবাং সকলে সন্তোষ্টি প্রকাশ করেন। আগামিতে আরও নতুন কর্ম-পরিকল্পনা অনুযায়ী যাবতীয় কার্যাদি সম্পন্ন করা হবে। TLCC অধিকাংশ সদস্য বর্তমানে ড্রেন পরিষ্কার ও রক্ষণাবেক্ষণ কাজে পৌরসভার প্রতি সন্তোষ্টি প্রকাশ করেন। TLCC সদস্য জনাব আলপনা খাতুন পৌরসভার ড্রেন পরিস্কার পরিচ্ছন্নের ব্যাপারে সন্তোাষ্টি প্রকাশ করেন । সেই সাথে তিনি ড্রেনের সাথে যাদের সুয়ারেজ লাইন আছে সেই সকল লাইন অপসারনের জন্য মেয়র মহোদয়কে বিশেষভাবে অনুরোধ জানান। মেয়র মহোদয় এব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করবেন বলে সভাকে অব্যাহিত করেন। ড্রেন পরিস্কার ও রক্ষণাবেক্ষন কার্যক্রম কর্ম পরিকল্পনা মোতাবেক সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে । ২০১৮-১৯ অর্থ	চলতি বছরে পৌরসভার ড্রেন ভাল ভাবে পরিষ্কার করা হচ্ছে। যার কারনে এ বছর বৃষ্টি হলেও শহরের কোথাও পানি জমে থাকতে দেখা যায়নি। কিছু সমস্যার জন্য পৌরসভার যে সকল ড্রেন এখনও পরিষ্কার হয়নি সেগুলো পরিষ্কার করতে হবে। ড্রেন পরিষ্কার পরিচ্ছন্ন করার জন্য একটি কর্মপরিকল্পনা করার জন্য মেয়র মহোদয় পৌরসভার নির্বাহী প্রকৌশলীকে নির্দেশ দেন এবং সেই কর্ম পরিকল্পনা অনুযায়ী আগামী কোয়াটারে (জানুয়ারী-মার্চ) দ্রুত ড্রেন পরিষ্কার করার সিদ্ধান্ত গৃহিত হয়।	নির্বাহী প্রকৌশলী ও কঞ্জারভেন্সী ইন্সেপেক্টর।	

ক্রঃ নং	আলোচ্য বিষয়	আলোচনা	গৃহীত সিদ্ধান্ত	সিদ্ধান্ত বাস্তবায়নের জন্য দায়িত্বপ্রাপ্ত ব্যাক্তি	মন্তব্য
		বছরের বাজেট=৪৩,৫০,০০০/- টাকা । অক্টোবর-ডিসেম্বর/২০১৮ কোয়াটারে ব্যয় হয়েছে=১১,৪০,৫০০/-টাকা।			
৩.	গ) সড়ক বাতি কার্যকর রাখার বিষয়ে আলোচনা।	শতভাগ সড়ক বাতি নিশ্চিত করণে গত ২০১৮-১৯ অর্থ বছরের বাজেট মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণসহ এ ধারা অব্যাহত রাখার বিষয়ে আলোচনা হয়। চলতি বছরে চাহিদা মোতাবেক প্রয়োজনীয় বৈদ্যুতিক সরঞ্জামাদিও মালামাল ক্রয় করা হয়েছে। বাতি পরিদর্শকের রির্পোটি অনুযায়ী সকল সড়ক বাতিগুলো সচল আছে। পৌরসভার ১০০% সড়ক বাতি কার্যকর রাখার নিমিত্তে ২০১৮-১৯ অর্থ বছরের =২৮,৭০,০০০/- টাকার বাজেট বরাদ্দ রাখা হয়েছে। অক্টোবর-ডিসেম্বর-২০১৮ কোয়াটারে সড়ক বাতি সচল রাখার জন্য ব্যয় হয়েছে=৭,১২,৯১২/-টাকা।	বর্তমানে পৌরসভায় ৯০ ভাগ এলাকায় বিদ্যুৎ লাইন কার্যকর আছে। বাকি এলাকাতেও পর্যায় ক্রমে সড়ক বাতি কার্যক্রর করা হবে। TLCC অধিকাংস্য সদস্য বর্তমানে সড়ক বাতি কার্যকর রাখার ব্যবস্থা কাজে পৌরসভার প্রতি সন্তোষ্টি প্রকাশ করেন এবং পরবর্তীতে এ ধারা অব্যাহত রাখার জোর সুপারিশ করেন।	নির্বাহী প্রকৌশলী ও বাতি পরিদর্শক	
৪.	ঘ) অবকাঠামো ও স্থাপনা পরিচালনা ও রক্ষণাবেক্ষণ, Mobile Maintenance Team কার্যকারি করণ বিষয়ে আলোচনা।	অবকাঠামো ও স্থাপনা পরিচালনা ও রক্ষণাবেক্ষণ, Mobile Maintenance Team এর কর্ম পরিকল্পনা মোতাবেক প্রকৌশল বিভাগ কর্তৃক সরেজমিনে নিয়মিত পরিদর্শন করে যাবতীয় কার্যক্রম গ্রহণ করা হয়েছে। অবকাঠামো ও স্থাপনা পরিচালনা ও রক্ষণাবেক্ষণ, Mobile Maintenance Team এর কর্ম পরিকল্পনা মোতাবেক মেরামত যোগ্য কার্যাদি সম্পন্নের জন্য পৌরসভার প্রয়োজনীয় বাজেট বরাদ্দ রাখা হয়েছে যা; প্রকৌশল বিভাগের তত্ত্বাবধানে বাস্তবায়ন করা হচ্ছে। অবকাঠামো ও স্থাপনা পরিচালনা ও রক্ষণাবেক্ষণের জন্য ২০১৮-১৯ অর্থ বছরের বাজেট=১৫,০০,০০০/-টাকা। অক্টোবর-ডিসেম্বর-২০১৮ কোয়াটারে ব্যয় হয়েছে =১,৩১,৩৮৫/-টাকা।	অবকাঠামো ও স্থাপনা পরিচালনা ও রক্ষণাবেক্ষণ কমিটি কর্তৃক সকল মেরামত যোগ্য কার্যাদি বাস্তবায়নে Mobile Maintenance Team কর্তৃক নিয়মিত পরিদর্শন এবং মেহেরপুর পৌরসভার ২০১৮-২০১৯ অর্থ বছরের বাজেট মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। TLCC অধিকাংশ সদস্য বর্তমানে অবকাঠামো ও স্থাপনা পরিচালনা রক্ষণাবেক্ষণ, Mobile Maintenance Team গঠন এবং কার্যকারি করণ কাজে পৌরসভার প্রতি সন্তোষ্টি প্রকাশ করেন এবং পরবর্তীতে এ ধারা অব্যাহত রাখার জোর সুপারিশ করেন।	নির্বাহী প্রকৌশলী মেহেরপুর পৌরসভা।	

ক্রঃ নং	আলোচ্য বিষয়	আলোচনা	গৃহীত সিদ্ধান্ত	সিদ্ধান্ত বাস্তবায়নের জন্য দায়িত্বপ্রাপ্ত ব্যাক্তি	মন্তব্য
৫	ক) স্যানিটেশন কার্যক্রম অব্যহত বিষয়ে আলোচনা।	মেহেরপুর পৌরসভার ২০১৮-১৯ অর্থ বছরের বাজেট মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণসহ স্যানিটেন ব্যবস্থাপনার এ ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহিত হয়েছে। স্যানিটেশন ব্যবস্থাপনা সুষ্ঠুভাবে বাস্তবায়নের লক্ষ্যে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণসহ কর্ম-পরিকল্পনা মোতাবেক সকল কার্যক্রম পরিচালিত হচ্ছে। মেহেরপুর পৌরসভার নিয়মিত স্যানিটেশন কার্য্যক্রম পরিচালনার জন্য ২০১৮-১৯ অর্থ বছরে =৭,০০,০০০/-টাকা বাজেট বরাদ্দ আছে। অক্টোবর-ডিসেম্বর-২০১৮ কোয়াটারে ব্যয় হয়েছে=১,৮০,৩২০/-/-টাকা।	মেহেরপুর স্যানিটেশন ব্যবস্থাপনা সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে। TLCC অধিকাংশ সদস্য বর্তমানে মেহেরপুর পৌরসভার স্যানিটেশন কাজের প্রতি সন্তোষ্টি প্রকাশ করেন এবং পরবর্তীতে এ ধারা অব্যাহত রাখার জোর সুপারিশ করেন।	নির্বাহী প্রকৌশলী,মেহেরপুর পৌরসভা।	

আলোচ্যসূচী - ৩ ঃ বিবিধ

ক্রঃ নং	আলোচ্য বিষয়	আলোচনা	গৃহীত সিদ্ধান্ত	সিদ্ধান্ত বাস্তবায়নের জন্য দায়িত্বপ্রাপ্ত ব্যাক্তি	মন্তব্য
১	মশক নিধন বিষয়ে আলোচনা।	TLCC এর প্রায়ই সকল সদস্য মশা নিধন কার্যক্রম অব্যাহত রাখার জন্য মেয়র মহোদয়কে বিশেষভাবে অনুরোধ জানান। সকলে জানান যে, মশা যদি নিয়ন্ত্রেনে রাখা যায় তাহলে অনেক রোগ থেকে মুক্তি পাওয়া যায়। । তাই সকল এলাকায় মশা নিধন কার্যক্রম জোর দার করার জন্য মেয়র মহোদয়কে অনুরোধ জানান।	মশা নিধনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য মেয়র মহোদয় তাৎক্ষনিক পৌরসভার সচিব ও সংশ্লিষ্ট সকলকে নির্দেন দেন।	সচিব ও নির্বাহী প্রকৌশল	
২	পয়ঃবর্জ্য নিষ্কাষন বিষয়ে আলোচনা	প্রাকটিক্যাল এ্যাকশন বাংলাদেশের সাথে মেহেরপুর পৌরসভার পয়ঃবর্জ্য নিষ্কাষন বিষয়ে একটি চুক্তি হয়েছে। সম্পুর্ন বৈজ্ঞানিক পদ্ধতিতে পয়ঃবর্জ্য নিষ্কাষন বিষয়ে মেয়র মহোদয় বিস্তারিত বর্ননা দেন। এ ব্যাপারে সকল সদস্যবৃন্দকে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানকে সার্বিক সহযোগিতা করার জন্য তিনি অনুরোধ জানান।	প্যাকটিক্যাল এ্যাকশন পয়ঃবর্জ্য ব্যবস্থাপনার কার্যক্রম শুরু কছেছে। তারা ইতিধ্যে পৌরসভার মেয়ন,কাউন্সিরর,কর্মকর্তা, কঞ্জারভেন্সী ইন্সপেক্টর ও পরিষ্কার পরিচ্ছন্ন কর্মীদের প্রশিক্ষনের ব্যবস্থা করেছে। তাদের কার্যক্রম সন্তোষজন। তাই প্রাকটিক্যাল এ্যাকশন বাংলাদেশের পয়ঃবর্জ্য নিষ্কাষন কার্যক্রমে সকল কাউন্সিলর ও সদস্যবৃন্দ সার্বিক ভাবে সহযোগিতা করবে এই মর্মে সিদ্ধান্ত গ্রহিত হলো।	মেয়র , সচিব ও প্রাকটিক্যাল এ্যাকশন।	

স্বাক্ষরিত-
মোঃ মাহফুজুর রহমান রিটন
মেয়র
মেহেরপুর পৌরসভা।
মোবাইল নম্বরঃ ০১৭১৬-০৩৭৬৩৮
ফ্যাক্স নম্বরঃ ০৭৯১-৬২১৯৯।

স্মারক সংখ্যা/মেপৌ/সাধা/২০১৮ /৬৩৮(৫২) তারিখঃ ২৭/১২/২০১৮ খ্রিঃ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য প্রেরন করা হলঃ

১। প্রকল্প পরিচালক, তৃতীয় নগর পরিচালন ও অবকাঠামো উন্নতিকরন (সেক্টর) প্রকল্প
এলজিইডি ভবন,আগারগাঁও শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।

২। জনাব .... সদস্য, TLCC কমিটি, মেহেরপুর পৌরসভা।

৩। অফিস নথি।